

হরতালে স্থগিত পরীক্ষা আজ

এবার প্রাথমিক সমাপনী প্রশ্নে ভুল

যুগান্তর রিপোর্ট

জেএসসির পর এবার প্রাথমিক সমাপনী পরীক্ষায় এমসিকিউ প্রশ্নে ভুল করা হয়েছে। রোববার ছিল গণিত পরীক্ষা। তাতে এমসিকিউ অংশের ২২ নম্বর প্রশ্ন ছিল 'অংকে নম্বর চিহ্ন কমটি'। এর সঠিক উত্তর হবে ১০টি। এই প্রশ্নটিই ইংরেজি ভাষার প্রশ্নে করা হয়েছে। এভাবে 'হাউ ম্যানি সিঙ্কল ইন ম্যাথমেটিকস'। বাংলা প্রশ্নের ইংরেজি অনুবাদে প্রশ্ন করার ক্ষেত্রে এমন ভুল করায় অনেক ছাত্রছাত্রী সঠিক উত্তর দিতে পারেনি।

ঢাকার মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের গণিত শিক্ষক মনিরুল ইসলাম এ ব্যাপারে বলেন, 'প্রশ্নের অনুবাদটি হওয়া উচিত ছিল হাউ ম্যানি সিঙ্কল ইন নিউমারিক। কেননা, ম্যাথমেটিকস বলায় তা গোটা

গণিতকে বোঝানো হয়েছে। গণিতে চিহ্ন আছে ৫ ধরনের। তাই ইংরেজি ভাষার শিক্ষার্থীদের অনেকে সঠিক উত্তর দিতে ভুল করেছে।

এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) মহাপরিচালক মো. আলমগীর যুগান্তরকে বলেন, প্রশ্ন আমরা করি না। এর দায়িত্ব পালন করে নেপ (জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি)। তাই এ বিষয়ে তারাই ভালো বলতে পারবে। তবে আমরা বলতে পারি, এটা যদি ভুল হয়ে থাকে তাহলে ছাত্রছাত্রীরা নম্বর পেয়ে যাবে। এরই মধ্যে এই নির্দেশনা শিক্ষকদের দেয়া আছে। এর আগে এবারের জেএসসির ঢাকা বোর্ডের বিজ্ঞানের একটি এমসিকিউ প্রশ্ন করার ক্ষেত্রে এভাবে ভুল ধরা পড়েছিল। ওই ঘটনায় চার প্রশ্নকর্তা এবং চার

সংশোধনকারীসহ আটজনকে শোকভুক্ত করা হয়। হরতালের কারণে স্থগিত করা প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষা আজ নেয়া হচ্ছে। ২৩ নভেম্বর এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু জাওয়াদুল সেক্রেটারি জেনারেল আলী আহম্মদ মোহাম্মদ মুজাহিদে মৃত্যুদণ্ডদেশ কার্যকরের প্রতিবাদে ওইদিন সংগঠনটি সারা দেশে সকাব-সফা হরতাল ডেকেছিল। আজ প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনীতে বাংলা পরীক্ষা হবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে জানা গেছে, দুটি পরীক্ষায় এবার মোট ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে ২৯ লাখ ৪৯ হাজার ৬৩ ও ইবতেদায়ি সমাপনীতে তিন লাখ পাঁচ হাজার ৪৫১ জন।